অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টার সিটির জন্য গভর্নর হোকলের আঞ্চলিক পুনরুজ্জীবিতকরণ অংশীদারিত্ব চালুর ঘোষণা

2023 অর্থবছরের বাজেট ঘোষণার ফলোআপ হিসেবে, স্টেট প্রতিটি সিটির অর্থনৈতিকভাবে পীড়িত স্থানগুলোতে বিনিয়োগ করার জন্য বেসরকারি দাতা ও মিউনিসিপ্যাল সরকারগুলোর সাথে অংশীদারিত্বের সম্পর্ক স্থাপন করবে।

গভর্নর ক্যাথি হোকল আজ আঞ্চলিক পুনরুজ্জীবিতকরণ অংশীদারিত্ব (Regional Revitalization Partnership) স্থাপন সম্পর্কে বিস্তারিত তথ্য প্রকাশ করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলো এবং বেসরকারি মানবহিতৈষী অংশীদারদের মধ্যে একটি বহুবর্ষমেয়াদী সহযোগিতামূলক উদ্যোগ হতে যাচ্ছে। 25 এপ্রিল, 2022 তারিখে 2023 অর্থবছরের নিউ ইয়র্ক স্টেটের বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল প্রাথমিক পর্যায়ে এই RRP-এর উপাদানগুলোর কথা ঘোষণা করেছিলেন, যে উদ্যোগটি বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টারের অর্থনৈতিকভাবে পীড়িত সিটি এলাকাগুলোকে টার্গেট করবে। RRP-এর কর্মকৌশল, বাস্তবায়ন প্রক্রিয়া, প্রকল্প, কর্মসূচি এবং টার্গেটকৃত ভৌগোলিক এলাকাগুলো সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য এখানে পাওয়া যাবে।

"এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব উক্ত কমিউনিটিগুলোতে অর্থনৈতিক উন্নয়নের অনুঘটক হিসেবে কাজ করবে এবং দেশ জুড়ে সিটিগুলোর জন্য একটি আদর্শ হিসেবে ভূমিকা রাখবে," **বলেছেন গভর্নর হোকল**। "কোভিড মহামারী মোকাবেলা করে আমাদের আগের চেয়ে আরো উন্নত হয়ে গড়ে উঠার এই সময়ে, এই সামগ্রিক কর্মকৌশল বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টারের অধিকাংশ সুবিধাবঞ্চিত এলাকার উন্নতি করতে সাহায্য করবে। কমিউনিটিগুলোর রূপান্তরের জন্য এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি অধিকতর শক্তিশালী, আরো বেশি ন্যায্য একটি ভবিষ্যত গড়ে তুলতে নিউ ইয়র্ক স্টেট সাহসী পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রাখবে।"

নিউ ইয়র্ক স্টেট এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এরকমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO হোপ নাইট বলেন বলেন, "এই সমন্বিত, সহযোগিতামূলক, কৌশলগত কর্মপদ্ধতিতে বিনিয়োগ করার ফলে স্টেটের বিনিয়োগকৃত প্রতিটি ডলার থেকে সর্বোচ্চ সুবিধা পাওয়া ও প্রসার ঘটানো যাবে। এই উচ্চাকাঙ্ক্ষী কমিউনিটি প্রচেষ্টা এসব সিটি এলাকায় রূপান্তরমূলক প্রকল্পগুলো

এগিয়ে নেবে এবং নিউ ইয়র্ক স্টেট ব্যাপী অনুকরণযোগ্য একটি আদর্শ নমুনা হিসেবে কাজ করবে।"

2021 সাল জুড়ে একটি সহযোগিতামূলক প্রচেষ্টার মধ্য দিয়ে উন্নয়নকৃত এই RRP তিনটি পরস্পরসংযুক্ত ভৌগোলিক এলাকা: বাফেলো, নায়াগ্রা ফলস ও রচেস্টারে 300 মিলিয়ন ডলারের একটি সরকারি ও বেসরকারি আঞ্চলিক সহ-বিনিয়োগ। কমিউনিটি কেন্দ্রিক এই কর্মকৌশলের উদ্দেশ্য হলো স্থানীয় সম্পদ গড়ে তোলা এবং সরকারি ও জনকল্যাণমূলক অংশীদারিত্বের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন নিয়ে আসে এমন একটি মডেল ব্যবহার করে এলাকার বাসিন্দাদের ক্ষমতায়ন করা।

এই অংশীদারিত্ব এসব কমিউনিটির অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে উপকৃত করতে অর্থনৈতিক অবস্থা উন্নত করার লক্ষ্য রাখে এমন প্রকল্প ও কর্মসূচিগুলোতে সহ-বিনিয়োগ করার মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের এই তিনটি সিটিতে সামাজিক ও অর্থনৈতিক প্রভাব সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যাবে। এটি ইতোমধ্যে চলমান সহযোগিতামূলক, কমিউনিটি কেন্দ্রিক কার্যক্রমের সঙ্গে যোগ হচ্ছে এবং সেগুলো ত্বরান্বিত করছে। নিউ ইয়র্ক স্টেট 200 মিলিয়ন ডলার প্রদান করবে, র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson, Jr. Foundation) অন্যান্য মানবহিতৈষী ও কর্পোরেট অংশীদারদের সঙ্গে নিয়ে 81 মিলিয়ন ডলার প্রদান করবে, এবং অবশিষ্ট 19 মিলিয়ন ডলার প্রতিটি সিটির স্থানীয় সরকারগুলো প্রদান করবে। এখন পর্যন্ত ESL ফেডারেল ক্রেডিট ইউনিয়ন (ESL Federal Credit Union), কী-ব্যাংক (KeyBank) এবং M&T ব্যাংক (M&T Bank) ফাউন্ডেশনগুলো এই অংশীদারিত্বে যোগ দিতে সম্মত হয়েছে এবং কর্মসূচি বাস্তবায়নের সময় আরো অনেকে যোগদান করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ও CEO ডেভিড এজনার বলেন, "এই প্রচেষ্টা শুধু যে প্রতিটি কমিউনিটিতে ইতোমধ্যে চলমান কয়েক ডজন অংশীদার ও দাতাদের বিদ্যমানের কাজের সঙ্গে যোগ হচ্ছে তাই নয়, বরং এটি কৌশলগত সরকারি ও বেসরকারি বিনিয়োগের মাধ্যমে এই অঞ্চল জুড়ে অর্থনৈতিক বৈষম্য কমিয়ে আনা এবং রূপান্তরমূলক প্রভাব অর্জন করার ব্যাপক সম্ভাবনা রয়েছে এমন প্রচেষ্টাগুলোকে বহুগুণ বৃদ্ধি করছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কৌশলগত পদক্ষেপ গ্রহণ এবং প্রকল্পগুলোর অগ্রাধিকার প্রদানের বিষয়টি বাড়তি অনুদান আকৃষ্ট করার জাতীয় আদর্শ হিসেবে স্বীকৃতি লাভ করছে। আর মাত্র 12 বছর মেয়াদ অবশিষ্ট থাকা সম্পদ ব্যয়কারী ফাউন্ডেশন হিসেবে, এই শক্তিশালী ও কৌশলগত সহযোগিতার সম্পর্ক এই সময়ে এই মুহূর্তের এই উল্লেখযোগ্য অঙ্গীকার গ্রহণের পথ তৈরি করে দিয়েছে যা আমাদের নিবিড়ভাবে সেবা প্রদান করা এই তিনটি কমিউনিটিকে উপকৃত করবে। অর্থনৈতিক উন্নয়নের এই অনন্য প্রচেষ্টায় তাদের নেতৃত্ব ও অংশগ্রহণের জন্য আমরা গভর্নর হোকলকে এবং মানবহিতৈষী, সরকারি ও বেসরকারি খাতের আমাদের সব অংশীদারকে ধন্যবাদ জানাই।"

এই কর্মসূচির তিনটি মূল ভিত্তি হচ্ছে:

- এসব এলাকায় পণ্য/সেবা বেছে নেওয়ার সুযোগ সম্প্রসারণ করে, কমিউনিটির সদস্যদের জন্য রাজস্ব উপার্জন/আয়ের সুযোগ নিয়ে আসে, এবং কর্মসংস্থানের ব্যবস্থা

করে এমন ব্যবসা প্রতিষ্ঠানগুলো, বিশেষ করে মহিলা ও অশ্বেতাঙ্গ ব্যক্তিদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর উন্নতি ও বেড়ে উঠার ক্ষেত্রে সহায়ক কর্মসূচিগুলো সরবরাহ করার মাধ্যমে **ক্ষুদ্র ব্যবসাগুলোকে লালন করা;**
- স্থানীয় বিজনেস ডিস্ট্রিক্টগুলোর উন্নয়ন, কমিউনিটির নোঙ্গরগুলো পুনর্গঠন এবং আশেপাশের এলাকা পুনরুজ্জীবিতকরণের জন্য অর্থায়ন করার মাধ্যমে **প্লেসমেকিং-এ বিনিয়োগ করা**; এবং
- স্থানীয় বাসিন্দাদের দক্ষতা বৃদ্ধি করা এবং ভালো বেতনের চাকরিগুলোতে তাদের অ্যাক্সেস উন্নত করার মাধ্যমে **আমাদের কর্মীদলকে প্রস্তুত করা**।

কমিউনিটি অংশীদারদের সঙ্গে নিয়ে কৌশলগতভাবে উন্নয়নকৃত এই উদ্যোগের মধ্যে প্রতিটি সিটিতে দীর্ঘদিনের কমিউনিটি লক্ষ্যগুলো অর্জন করবে এমন বেশ কিছু ব্যাপকভাবে দৃশ্যমান প্রকল্প ও কর্মসূচিতে বড় ধরনের বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে, যেগুলোর মধ্যে রয়েছে:

- বাফেলোতে সিটির ঐতিহাসিক পূর্ব পাশে পরিচালিত প্রকল্প ও কর্মসূচিগুলো সম্প্রসারণের উপর জোর দেওয়া 180 মিলিয়ন ডলারের একটি সম্মিলিত প্রচেষ্টা, যেখানে দীর্ঘমেয়াদী মূলধনী প্রকল্পগুলোর বৃহৎ অংশ বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করা হচ্ছে, যেমন, বাফেলো সেন্ট্রাল টার্মিনাল (Buffalo Central Terminal) এবং এর CTRC স্টুয়ার্ড সংস্থার জন্য 60 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করা; ব্রডওয়ে মার্কেটের (Broadway Market) মূলধনী উন্নয়নের জন্য এবং একটি অলাভজনক পরিচালনা সংস্থা গঠন করতে 37 মিলিয়ন ডলার; মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডরের জন্য এবং মার্টিন লুথার কিং জুনিয়র পার্কে (Martin Luther King, Jr. Park) ঐতিহাসিক গ্রিনহাউসগুলো পুনরুদ্ধার করতে বৃহৎ বিনিয়োগ।

- নায়াগ্রা ফলসে 40 মিলিয়ন ডলারের একটি সম্মিলিত প্রচেষ্টা যা ESD/সিটি 2021 সালের পরিকল্পনা প্রচেষ্টার জন্য ব্যয় হওয়া প্রাথমিক তহবিলের সম্পূরক হিসেবে ভূমিকা রাখবে, যার মধ্যে সিটির পাইন এভিনিউ সংলগ্ন ঐতিহাসিক সিটি মার্কেট এলাকা কেন্দ্রিক খাদ্য উদ্যোক্তাদের প্রতি মনোযোগ দেওয়া 19 মিলিয়ন ডলারের একটি কর্মসূচি; বিভিন্ন ঐতিহ্যবাসী ও কমিউনিটির নোঙ্গরস্বরূপ ফ্যাসিলিটি পুনরুদ্ধার করা, সেগুলোর উপর আলোকপাত করা এবং প্রচারণা চালানোর জন্য 15 মিলিয়ন ডলারের একটি কর্মসূচি; এবং পূর্বোক্ত বাণিজ্যিক ডিস্ট্রিক্টের টার্গেটকৃত এলাকাগুলোতে ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তার জন্য 5 মিলিয়ন ডলারের কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

- রচেস্টারে 80 মিলিয়ন ডলারের একটি সম্মিলিত প্রচেষ্টা, যেখানে সিটির চলমান জলাভূমিকেন্দ্রিক প্রচেষ্টাগুলোতে, যেমন ROC দ্য রিভারওয়ে (ROC the Riverway) এবং হাই ফলস স্টেট পার্কস (High Falls State Park)-এ বড় ধরনের বাড়তি বিনিয়োগ; একটি

বহুমুখী কর্মী প্রশিক্ষণ কর্মসূচি/ফ্যাসিলিটির অধিকতর সহায়তা/সম্প্রসারণ; এবং উক্ত সিটির সবচেয়ে সুবিধাবঞ্চিত এলাকাগুলোতে বাণিজ্যিক করিডর সংলগ্ন টার্গেটকৃত ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা প্রদান করা অন্তর্ভুক্ত থাকবে।

বাফেলো সিটির মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "বাফেলোর এলাকাগুলোতে এবং ব্রডওয়ে মার্কেট, মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডর, ও MLK পার্কের মতো সাইটগুলোতে 140 মিলিয়ন ডলারের বিনিয়োগ নিয়ে আসা এই অভিনব অনুদানের উদ্যোগের জন্য ইস্ট সাইডে আমাদের সহযোগিতার সম্পর্ক অব্যাহত রাখায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, এছাড়াও আমি দ্য র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং অন্যান্য বেসরকারি সংস্থাগুলোকেও ধন্যবাদ জানাই যারা বাফেলোর ইস্ট সাইডে বড় ধরনের বিনিয়োগ প্রদান করছেন। এসব তহবিল ইস্ট সাইডে অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মতামতের ভিত্তিতে আমাদের প্রশাসনের সম্পন্ন করা বিনিয়োগগুলোর সঙ্গে যোগ হয়ে সেগুলোর পরিপূরক হিসেবে ভূমিকা পালন করবে।"

নায়াগ্রা ফলস সিটির মেয়র রবার্ট রেস্টাইনো বলেন, "এটি একটি অসাধারণ, সহযোগিতামূলক উদ্যোগ যা আমাদের ডাউনটাউন ট্যুরিস্ট ডিস্ট্রিক্টের গণ্ডি ছাড়িয়ে সিটির আশেপাশের এলাকাগুলোতে - যার একটি উদাহরণ সিটি মার্কেট এলাকা - ব্যাপক সম্ভাবনাময় সম্পদগুলো পুনরুজ্জীবিত করার মাধ্যমে সিটির অর্থনৈতিক সুবিধাগুলো বহুগুণ বৃদ্ধি করবে। নায়াগ্রা ফলসের বেছে নেওয়া প্রকল্প ও কর্মসূচিগুলো গত বছর ব্যাপী কমিউনিটি অংশীদারদের ও স্থানীয় নাগরিকদের সঙ্গে পরিচালিত মতামত শোনার অধিবেশন ও ভার্চুয়াল মিটিং আয়োজনের সরকারি প্রক্রিয়ার মাধ্যমে কৌশলগতভাবে শনাক্ত করা হয়েছে। আমি গভর্নর হোকলকে, র‍্যালফ সি. উইলসন ফাউন্ডেশনকে এবং অন্যান্য বেসরকারি মানবহিতৈষী অংশীদারদের ধন্যবাদ জানাই যারা এসব উন্নয়নকে বাস্তব রূপ দেওয়ার জন্য নায়াগ্রা ফলস সিটির সাথে একসঙ্গে কাজ করবেন।"

রচেস্টার সিটির মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "আঞ্চলিক পুনরুজ্জীবিতকরণ অংশীদারিত্বের মাধ্যমে রচেস্টারের ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের লোকজনের জন্য তাদের অব্যাহত বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং মানবহিতৈষী খাতের আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই। এটির মতো কমিউনিটি অংশীদারিত্বগুলো আমাদের সম্পদ গড়ে তোলা এবং সবচেয়ে বেশি চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া এলাকাগুলোর অর্থনৈতিক অবস্থা জোরদার করার প্রচেষ্টা চালানোর এই সময়ে দীর্ঘমেয়াদী, স্থায়ী সফলতা অর্জনের সেরা উপায়। এই অংশীদারিত্বের মাধ্যমে আমরা যেসব কর্মসূচি এগিয়ে নেবো সেগুলো একটি নিরাপদ, সমতাপূর্ণ ও সমৃদ্ধ রচেস্টার তৈরি করতে আমাদের প্রচেষ্টাগুলোর ক্ষেত্রে বৃহৎ ভূমিকা রাখবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ESD ঋণ, অনুদান, কর ক্রেডিট

এবং অন্যান্য ধরনের আর্থিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বেসরকারি ব্যবসায়িক বিনিয়োগ বৃদ্ধি ও বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং সমৃদ্ধ সম্প্রদায়কে সমর্থন করার জন্য কাজ করছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন